**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩২ বঙ্গাব্দের শেষ দিন। নতুন বছর ১৪৩৩ বঙ্গাব্দকে স্বাগত জানাতে প্রস্তুতি এখন ঘরে ঘরে।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নারীরা নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় অংশগ্রহণ করলে ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার পথচলা আরও শক্তিশালী হবে।**

**(৩) আজ রাজ্যেও ভারতের সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বি আর আম্বেদকরের ১৩৬ তম জন্মজয়ন্তী শ্রদ্ধার সঙ্গে পালিত হচ্ছে।**

**(৪) আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, পশ্চিম, খোয়াই ও ঊনকোটি জেলাতে ৩০ থেকে ৪0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।**

*****************************************************

**Navabarsha :**

আজ চৈত্র সংক্রান্তি। ১৪৩২ বঙ্গাব্দের শেষ দিন। আগামীকাল থেকে শুরু হবে নতুন বছর ১৪৩৩ বঙ্গাব্দ। নতুন বছরকে স্বাগত জানাতে প্রস্তুতির পাশাপাশি পুরানো বছরকে বিদায় জানাতেও ঘরে ঘরে নানা আয়োজন। আজকের দিনটি মহাবিষু বা মহাবৈষু হিসাবে উদযাপিত হয়। রাজ্যের জাতি -জনজাতি উভয় অংশের জনগণের কাছেই দিনটি বিশেষ তাৎপর্যের। চৈত্র সংক্রান্তির এই দিনে

রাজ্যের বিভিন্ন গ্রামীন এলাকায় চরকপূজা ও চরকমেলারও আয়োজন করা হয়েছে।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বাংলা নববর্ষ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীর সুখ-সমৃদ্ধি ও সৌভ্রাতৃত্ববোধ কামনা করেছেন।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বিজু উৎসব, গড়িয়া উৎসব, বৈসু উৎসব এবং বাংলা নববর্ষ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, →ঐতিহ্যবাহী এই উৎসবগুলি সমৃদ্ধ সংস্কৃতি, গৌরবময় ঐতিহ্য এবং ভ্রাতৃত্ববোধের প্রতীক। মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর সুখ, সমৃদ্ধি ও সার্বিক মঙ্গল কামনা করেছেন।

**************************

**PM-Nari Shakti:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নারীরা নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় অংশগ্রহণ করলে ২০৪৭ সালের মধ্যে ‘বিকশিত ভারত’ গড়ার পথচলা আরও শক্তিশালী হবে।

ভারতের নারী শক্তিকে লেখা এক চিঠিতে শ্রী মোদী বলেছেন, আগামী ১৬ই এপ্রিল, নারী শক্তি বন্দন অধিনিয়ম সম্পর্কিত একটি গুরুত্বপূর্ণ সাংবিধানিক সংশোধনী নিয়ে আলোচনার জন্য সংসদ পুনরায় বসবে। তিনি আশা প্রকাশ করেছেন যে, এই আইনটি সংসদে পাস হয়ে যাবে।

প্রধানমন্ত্রী বলেছেন, ২০২৯ সালের লোকসভা নির্বাচন এবং বিভিন্ন রাজ্যের বিধানসভা নির্বাচনে নারী সংরক্ষণ পুরোপুরিভাবে কার্যকর হলে দেশের গণতন্ত্র আরও শক্তিশালী ও প্রাণবন্ত হবে। তিনি বলেন, দেশের আইনসভাগুলিতে যখন নারীদের কণ্ঠস্বর শক্তিশালী হয়, তখন গণতন্ত্রের কণ্ঠস্বরও শক্তিশালী হয়।

প্রধানমন্ত্রী আজ দেরাদুনে দিল্লি-দেরাদুন অর্থনৈতিক করিডোরের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়েও নারী শক্তি বন্ধন অধিনিয়মের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন|

##### BYTE PM #####

**************************

**BJP Press Meet:**

বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহিলাদের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে মহিলাদের আত্মনির্ভর করে তুলছেন। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে নারী শক্তি বন্দন অধিনিয়ম নিয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন "নারী শক্তি বন্দন অধিনিয়ম"-এর মাধ্যমে ভারতের ইতিহাসে এক স্বর্ণিম অধ্যায়ের সূচনা হচ্ছে। এই আইন দেশের নারীদের অধিকারকে আরও সুদৃঢ় করবে এবং তাঁদের স্বপ্নের ভারত গঠনে সক্রিয় অংশগ্রহণের পথ প্রশস্ত করবে|

**************************

**Sudhangshu Das:**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস জানিয়েছেন, বাংলা নববর্ষে উপলক্ষে মৎস্য দপ্তরের উদ্যোগে সুলভ মূল্যে বিভিন্ন ধরনের মাছ বিক্রয় করা হবে। এরজন্য রাজ্যের বিভিন্ন স্থানে ২১টি মৎস্য বিক্রয় কেন্দ্র খোলা হবে। ত্রিপুরা এপেক্স ফিসারিজ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের উদ্যোগে মহারাজগঞ্জ বাজারে সূলভ মূল্যে ইলিশ মাছ বিক্রি করা হবে।

**************************

**Charak Puja:**

গোমতী জেলা সদর উদয়পুর মহাদেব বাড়ি মন্দির প্রাঙ্গনের মুক্ত মঞ্চে আজ ঐতিহ্যবাহী চড়ক মেলা অনুষ্ঠিত হয়| ৮২ বছরের প্রাচীন লোকউৎসব এই চড়ক মেলাকে কেন্দ্র করে বসে গ্রামীণ হাট, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রদর্শনী।

**************************

**Biju Festival:**

চাকমা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বিজুমেলা আজ দ্বিতীয় দিন| গতকাল রাতে গোমতী জেলার নতুন বাজার স্থিত ঝড়ঝরিয়া স্কুল মাঠে তিন দিন ব্যাপী রাজ্য ভিত্তিক বিজু মেলা শুরু হয়েছে| উদ্ভোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। উপস্থিত ছিলেন বিজু মেলার ডেভেলপমেন্ট সোসাইটির সভাপতি অরুনকান্তি চাকমা ও চাকমা সমাজের সমাজপতিগন| উৎসবের অন্যতম আকর্ষণ হিসেবে রয়েছে ‘বিজু গারবা’, যা ঐতিহ্যবাহী নৃত্য ও সংস্কৃতির এক অনন্য উপস্থাপনা।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

**************************

**Ambedkar-CM:**

গোটা দেশ জুড়ে আজ ভারতের সংবিধানের অন্যতম রূপকার ডক্টর বি আর আম্বেদকরের ১৩৬ তম জন্মজয়ন্তী শ্রদ্ধার সঙ্গে পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে প্রদেশ বিজেপির সদর কার্যালয় আয়োজিত অনুষ্ঠানে তাঁর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন, ড. বি আর আম্বেদকরের চিন্তাধারা সকলকে ন্যায়, সমতা ও সামাজিক ন্যায়বিচারের পথে এগিয়ে যেতে অনুপ্রাণিত করে। রাজ্য সরকার ডঃ বি. আর. আম্বেদকরের রেখে যাওয়া আদর্শ এবং তাঁর দেখানো পথ অনুসরণ করে কাজ করছে বলেও জানান মুখ্যমন্ত্রী|

**************************

**Ambedkar-Ujjyanta:**

আগরতলার উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে আম্বেদকরের মুর্তিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, উচ্চ শিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, পশ্চিম জেলার ভারপ্রাপ্ত জিলা সভাধিপতি বিশ্বজিৎ শীল| সেখানে বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রী, বিভিন্ন সংস্থা ও সংগঠনের পক্ষ থেকেও আম্বেদকরের মুর্তিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয়।

**************************

**Ambedkar- Congrees & CPIM :**

ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ ডঃ বি. আর. আম্বেদকরের জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। আগরতলায় কংগ্রেস ভবন প্রাঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে বাবাসাহেব আম্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা।

ত্রিপুরা তপশিলী জাতি সমন্বয় সমিতির ত্রিপুরা রাজ্য কমিটির উদ্যোগেও যথাযোগ্য মর্যাদায় আম্বেদকরের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। আগরতলা সিটি সেন্টারের সামনে আয়োজিত অনুষ্ঠানে ড: আম্বেদকরের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন ত্রিপুরা তপশিলী জাতি সমন্বয় সমিতির সাধারণ সম্পাদক সুধন দাস, সিপিআই(এম) পশ্চিম জেলা সম্পাদক রতন দাস প্রমুখ।

*************************

**CPI(M) Press Meet:**

কঠোর নিরাপত্তা নিশ্চিত করে স্বচ্ছতার সঙ্গে এডিসি'র ভোট গননার ব্যবস্থা করতে রাজ্য বামফ্রন্ট কমিটির পক্ষ থেকে আজ রাজ্য নির্বাচন কমিশনারের কাছে দাবি জানানো হয়েছে| বামফ্রন্টের আহ্বায়ক মানিক দে আজ নির্বাচন কমিশনারের কাছে এক স্মারকলিপিতে স্বচ্ছতার সঙ্গে ভোট গননার জন্য কিছু প্রস্তাব রাখা হয়| প্রস্তাবগুলির মধ্যে রয়েছে সমস্ত গণনাকেন্দ্রে ভিতরে ও বাইরে কেন্দ্রীয় আধাসামরিক বাহিনীর কড়া নিরাপত্তা ব্যবস্থা, সর্বত্র সিসি ক্যামেরা নজরদারি চালু রাখা, গণনা এজেন্টদের নিরাপত্তা নিশ্চিত করা| নির্বাচন পরবর্তী সময়ে শান্তি শৃঙ্খলা বজায় রাখতে এডিসি এলাকায় কেন্দ্রীয় বাহিনীকে এক মাস মোতায়েন রাখতেও বামফ্রন্টের পক্ষ থেকে দাবি জানানো হয়েছে।

*************************

**Fire Service Week:**

ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও আজ থেকে শুরু হয়েছে সাতদিনব্যাপী "অগ্নি পরিসেবা সপ্তাহ-২০২৬"। এবছর সপ্তাহ'টির মূল ভাবনা হচ্ছে - → নিরাপদ বিদ্যালয়,নিরাপদ হাসপাতাল এবং অগ্নি নিরাপত্তা সচেতন সমাজ - অগ্নি প্রতিরোধে সম্মিলিত প্রয়াস।" এই উপলক্ষ্যে আজ সকালে কৈলাশহর

ফায়ার স্টেশন প্রাঙ্গনে এক অনুষ্ঠানে ১৯৪৪ সালের আজকের দিনে মুম্বাই-জাহাজ বিস্ফোরণে নিহতদের স্মরণে শহীদ বেদীতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। দুই মিনিট নীরবতা পালন করা হয়। সপ্তাহ'টি পালনের উদ্দেশ্য ও অগ্নিকান্ড প্রতিরোধে সাবধানতা ও সচেতনতা সহ প্রাসঙ্গিক বিষয় নিয়ে বক্তব্য রাখেন, কৈলাশহর ফায়ার স্টেশনের ভারপ্রাপ্ত কার্যকারক মোহন সিং জমাতিয়া।

**************************

## Poshan Tracker App:

দেশের পুষ্টি ব্যবস্থাকে আরও দৃঢ় করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে পোষণ ট্র্যাকার অ্যাপ্লিকেশন এখন ১৪ লক্ষেরও বেশি অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং প্রায় ৯ কোটি সুবিধাভোগীদের উপর পর্যবেক্ষণ করছে। কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক জানিয়েছে ২০২১ সালে চালু হওয়া এই অ্যাপটির মাধ্যমে গর্ভবতী মহিলা, ছয় বছর পর্যন্ত শিশু এবং কিশোরী মেয়েদের তাৎক্ষণিক তথ্য পর্যবেক্ষণ করা সহজ হয়েছে।

**************************

## Weather:

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর জেলা, ধলাই জেলা, পশ্চিম জেলা, খোয়াই জেলা ও ঊনকোটি জেলাতে ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৪ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**************************